

যুগান্তর

ইবিতে ছাত্রী নির্যাতন: কারণ দর্শাতে অভিযুক্তরা আরও সময় পেলেন

👤 ইবি প্রতিনিধি

🕒 ২৯ মার্চ ২০২৩, ২৩:০৫:০৭ | [অনলাইন সংস্করণ](#)



ইসলামী বিশ্ববিদ্যালয়ে (ইবি) ছাত্রী নির্যাতনের ঘটনায় অভিযুক্তদের বিরুদ্ধে কেন চূড়ান্ত ব্যবস্থা নেওয়া হবে না- এ মর্মে কারণ দর্শানোর নোটিশের জবাব দিতে সময় বাড়ানোর আবেদন মঞ্জুর করে এক সপ্তাহ সময় বৃদ্ধি করেছে প্রশাসন।

বুধবার ভারপ্রাপ্ত রেজিস্ট্রার এইচএম আলী হাসান বিষয়টি নিশ্চিত করেছেন।

নির্ধারিত সময়ের মধ্যে জবাব না দিয়ে অভিযুক্ত তিন ছাত্রীর সময় বৃদ্ধির আবেদনের পরিপ্রেক্ষিতে নতুন করে আগামী ৫ এপ্রিল পর্যন্ত সময় বাড়ানো হয়েছে। তবে অভিযুক্তদের চাওয়া উচ্চ আদালতের নির্দেশনা, শৃঙ্খলা কমিটির সভার সুপারিশ ও তদন্ত কমিটির প্রতিবেদন।

রেজিস্ট্রার দপ্তর থেকে সংশ্লিষ্টদের পাঠানো চিঠিতে বলা হয়, চাওয়া কাগজপত্র সরবরাহ করা গেল না। তবে ইসলামী বিশ্ববিদ্যালয়ের ছাত্রত্ব থেকে চূড়ান্ত ব্যবস্থা কেন গ্রহণ করা হবে না তার লিখিত জবাবদানের জন্য আগামী ৫ এপ্রিল পর্যন্ত সময়সীমা বৃদ্ধি করা হলো। এছাড়া পরবর্তীতে সময়সীমা আর বৃদ্ধি করা হবে না বলেও বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে।

জানা যায়, নির্যাতনের ঘটনায় গত ৪ মার্চ শৃঙ্খলা কমিটির বৈঠকে পাঁচ অভিযুক্তকে সাময়িক বহিষ্কার করে চূড়ান্ত সিদ্ধান্তের জন্য গত ১৫ মার্চের মধ্যে কারণ দর্শানোর নোটিশ দেয় বিশ্ববিদ্যালয় প্রশাসন। নির্দিষ্ট সময়ের মধ্যে অভিযুক্ত তাবাসসুম ইসলাম ও মোয়াবিয়া জাহান জবাব দেন। অপরদিকে ছাত্রলীগ নেত্রী সানজিদা চৌধুরী অন্তরা, ইসরাত জাহান মিম ও হালিমা আক্তার উর্মী জবাব না দিয়ে সময় বাড়ানোর আবেদন করেন। এর মধ্যে অন্তরা এক মাস সময় চান। একইসঙ্গে তারা কর্তৃপক্ষের কাছে উচ্চ আদালতের নির্দেশনা, শৃঙ্খলা কমিটির সভার সুপারিশ ও তদন্ত প্রতিবেদনের নথিপত্র চেয়ে আবেদন করেন। আবেদনের বিষয়টি রেজিস্ট্রার দপ্তর থেকে গত ১৪ মার্চ আইন প্রশাসকের দপ্তরে পাঠানো হয়। ওই দপ্তরে দুই সপ্তাহ আতিবাহিত হওয়ার পর মঙ্গলবার এ বিষয়ে মতামত দেন আইন প্রশাসক প্রফেসর ড. আনিচুর রহমান। পরে বুধবার এ সিদ্ধান্ত নেন ভিসি।

ভারপ্রাপ্ত রেজিস্ট্রার এইচএম আলী হাসান বলেন, অভিযুক্তদের বিশ্ববিদ্যালয়ের প্রশাসন থেকে আর সময় বাড়ানো হবে না। তবে তারা যদি আইন বা কোর্টের আশ্রয় নিয়ে কিছু করে সেটা আলাদা বিষয়। আইনের উর্ধ্বে তো কেউ নয়। একই সঙ্গে তাদের ডাকযোগে, বিভাগে এবং সরাসরিও বিষয়টি জানিয়ে দেওয়া হয়েছে।

সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৩০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত

এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।

Developed by [The Daily Jugantor](#) © 2023